

# ব্রাহ্মণবাড়িয়ায় প্রাথমিকের নিয়োগ পরীক্ষায় জালিয়াতি, ভাই-বোন আটক

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশ : ২৯ মার্চ ২০২৪, ১৯:৩৬



ব্রাহ্মণবাড়িয়ায় প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় জালিয়াতির অভিযোগে ২ জনকে আটক করেছেন ড্রাম্যমাণ আদালত। তারা কানের ভেতর বিশেষ কায়দায় ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে পরীক্ষায় নকল করছিল।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শুক্রবার (২৯ মার্চ) সকালে ব্রাহ্মণবাড়িয়া ে তাদের আটক করা হয়।

আটকরা হলেন- জেলার বিজয়নগর উপজেলার পতন ইউনিয়নের টুকচানপুর এলাকার আব্দুল মালেকের মেয়ে ও পরীক্ষার্থী রিনা আক্তার এবং তার ভাই আব্দুল জলিল।

জানা যায়, ব্রাহ্মণবাড়িয়া পৌর ডিগ্রি কলেজ কেন্দ্রে সকাল ১০টায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ-২০২৩ পরীক্ষা শুরু হয়। কেন্দ্রের ১০১ নম্বর কক্ষে ১ ঘণ্টার এই পরীক্ষা শুরু হলেও রিনা আক্তার প্রায় আধা ঘণ্টা কোন কিছু না লিখে বসে থাকে। এ সময় ডিউটিরত কেন্দ্র পরিদর্শকের সন্দেহ হলে তার দেহ তল্লাশি করে বিশেষ কায়দায় কানের ভেতরে লুকিয়ে রাখা একটি ইলেকট্রনিক ডিভাইস উদ্ধার করা হয়।

কলেজের অধ্যক্ষ বিষয়টি সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সেলিম শেখকে অবহিত করেন। এ সময় শিক্ষার্থীর দেওয়া তথ্যমতে তার ভাইকেও আটক করা হয়। পরে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দু'জনের বিরুদ্ধে মামলা করেন।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক মোহাম্মদ সেলিম শেখ জানান, পরীক্ষা চলাকালীন ওই পরীক্ষার্থী উত্তরপত্রে কোনো কিছু না লিখে বসে থাকে। সন্দেহ হলে তল্লাশি করে তার কান থেকে একটি ডিভাইস উদ্ধার করা হয়েছে।

তিনি আরও জানান, ডিভাইসের মাধ্যমে পরীক্ষার্থী হয়তো পরীক্ষার শেষ দশ মিনিট আগে উত্তর লেখার চেষ্টা করতো। এটি একটি বিশাল চক্র। সে তার ভাইয়ের মাধ্যমে এই ডিভাইসটি সংগ্রহ করে। পরে তার ভাইকেও আটক করা হয়। এ ঘটনায় একটি মামলা করা হয়েছে। এই চক্রের সঙ্গে জড়িত সবাইকে আটকের চেষ্টা করা হবে।

ইত্তেফাক/এবি

বিষয়: